

একবিংশ শতাব্দী

(উর্দু কবিতা থেকে অনুবাদ করেছেন জ্যোতির্ময় দাশ)

এক দিন

বাড়ির ছাতে

সে নেমে আসবে এবং পুড়িয়ে ছাই করে দেবে

দরজা আর জানালার শৌখিন পর্দাগুলো

আর হত্যা করবে আমার নিষ্পাপ দুচোখের কোলে

বাসা বেঁধে থাকা সব স্বপ্নদের

তারপর শহরের ঐ অঞ্চলের

বিশাল প্রাসাদগুলোর অঙ্কার কোণে

প্রতিধ্বনিত হতে থাকবে শকুনিদের আর্তনাদ

আর তখন নিভস্ত আঙনের কাছে

শূন্য পাত্র হাতে

হাঁড়িতে রাখা খাদ্যশস্যের সন্মানে

নিষ্পাপ দুটি চোখ হন্যে হয়ে খুঁজে বেড়াবে

আর ততক্ষণে

মাতৃ - স্নেহের অফুরন্ত কণার ভাঙার

শুকিয়ে নিঃশেষ হয়ে যাবে

আবছা হয়ে আসা পাপের নক্সার মতো...

আশা প্রভাত

